

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৪ ও ৫)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd

গণবিজ্ঞপ্তি

শিক্ষক নিয়োগের লক্ষ্যে এনটিআরসিএ কর্তৃক সমগ্র দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে বিগত ২৬.০৮.২০১৮ তারিখ থেকে ৩০.০৯.২০১৮ তারিখ পর্যন্ত নিয়োগযোগ্য শূন্য পদের চাহিদা (e-Requisition) আহবান করা হলে সর্বমোট ৩৯,৫৩৫ টি শিক্ষক পদ পূরণের জন্য অনলাইনে চাহিদা পাওয়া যায়-যার বিস্তারিত তালিকা <http://ngi.teletalk.com.bd> এবং www.ntrca.gov.bd এ বিজ্ঞপ্তি (e-Advertisement) আকারে প্রকাশ করা হয়েছে।

আগ্রহী সকল নিবন্ধন প্রাপ্ত ব্যক্তিবর্গ (যাদের বয়স ১২.০৬.২০১৮ তারিখে ৩৫ বছর বা তার কম এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের জারীকৃত সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ তে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা রয়েছে) তাঁরা উক্ত চাহিদা তালিকায় বর্ণিত তাঁর সংশ্লিষ্ট পদসমূহের জন্য আগামী ১৯.১২.২০১৮ তারিখ হতে ০২.০১.২০১৯ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন (e-Application) পেশ করতে পারবেন। প্রাপ্ত সকল আবেদনসমূহ সরকারি বিধি-বিধানের আলোকে সমন্বিত জাতীয় মেধার ভিত্তিতে বাছাইপূর্বক প্রতিটি পদের বিপরীতে এনটিআরসিএ থেকে চূড়ান্তভাবে একজনকে নিয়োগের জন্য সুপারিশ করে সংশ্লিষ্ট SMC/MMC/GB-এর নিকট প্রেরণ করা হবে এবং নির্বাচিত প্রার্থীকে SMS এর মাধ্যমে জানানো হবে।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন <http://ngi.teletalk.com.bd> এবং www.ntrca.gov.bd.

চেয়ারম্যান
এনটিআরসিএ, ঢাকা।